

নং-১৬.০০.০০০০.০০৩.৩৭.০০১.১৭.৬৭৯

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯  
৩১ মে ২০২২

## ২০২২ সালের সম্মানিত হজ যাত্রীগণের স্বাস্থ্য পরীক্ষা ও টিকাদান বিষয়ক বিজ্ঞপ্তি।

গত ২৭.০৫.২০২২ তারিখ থেকে ২০২২ সালের সম্মানিত হজযাত্রীগণের স্বাস্থ্য পরীক্ষা ও টিকা প্রদান কার্যক্রম শুরু হয়েছে। সম্মানিত হজযাত্রীগণকে **নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্রে** উপস্থিত হয়ে টিকা গ্রহণ ও স্বাস্থ্য পরীক্ষার সনদ গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। বিমানবন্দরে ইমিগ্রেশনের সময় স্বাস্থ্য পরীক্ষা ও টিকা গ্রহণের সনদ, কোভিড ভ্যাকসিন সার্টিফিকেট, পিসিআর পরীক্ষার সার্টিফিকেট ইত্যাদি প্রদর্শনের সুবিধার্থে সঞ্চে রাখতে হবে।

### ২। টিকা গ্রহণ ও স্বাস্থ্য পরীক্ষার সনদ গ্রহণের সময় অনুসরণীয় বিষয়সমূহ:

- (ক) সরকারি হাসপাতাল অথবা সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি যে কোন হাসপাতাল/ডায়াগনস্টিক সেন্টার হতে বুকের এক্সরে (X-Ray- Chest), ইসিজি (ECG), ব্লাড গ্রুপ (Blood Group) (যদি না থাকে), ইউরিন আর/এমই [Urine (i) Sugar; (ii) Albumin], ব্লাড সুগার (Blood Sugar) রিপোর্ট উল্লেখিত টিকা কেন্দ্রে আসার সময় সঞ্চে নিয়ে আসতে হবে। এ সকল পরীক্ষা বিগত তিন মাসের মধ্যে করা হয়ে থাকলে পুনরায় পরীক্ষার প্রয়োজন নেই। শুধুমাত্র পূর্বের স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট নিয়ে টিকা কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- (খ) বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগণকে স্ব-স্ব এজেন্সির মাধ্যমে ই-হেলথ প্রোফাইল ফরমের প্রিন্ট কপি সঞ্চে আনতে হবে।
- (গ) সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগণ নিকটবর্তী রেজিস্ট্রেশন সেন্টার (ইসলামিক ফাউন্ডেশনের জেলা কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, ইউডিসি, হজ অফিস, আশকোনা) হতে ই-হেলথ প্রোফাইল ফরম প্রিন্ট করে অথবা নিবন্ধন সনদ সঞ্চে আনতে হবে।
- (ঘ) প্রয়োজনে হজ বিষয়ক পোর্টাল <https://prp.pilgrimdb.org/web/pilgrim-search?q=N> এ গিয়ে N এর পরিবর্তে তাঁর ট্র্যাকিং নম্বর (যেমন N.....8) লিখে সার্চ দিলে ই-হেলথ প্রোফাইলের ফরম প্রিন্ট করা যাবে।
- (ঙ) বেসরকারি ব্যবস্থাপনার হজ এজেন্সি স্ব-স্ব ইউজার আইডির মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষা ও টিকা গ্রহণের সনদ প্রিন্ট করে হজযাত্রীকে সরবরাহ করবে।
- (চ) সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগণ সংশ্লিষ্ট টিকাদান কেন্দ্র অথবা নিকটবর্তী রেজিস্ট্রেশন সেন্টার (ইসলামিক ফাউন্ডেশনের জেলা কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, ইউডিসি, হজ অফিস, আশকোনা) হতে স্বাস্থ্য পরীক্ষা ও টিকা গ্রহণ সনদের প্রিন্ট সংগ্রহ করবেন।
- (ছ) কোন হজযাত্রী নির্ধারিত সময়ের টিকা গ্রহণে ব্যর্থ হলে আগামী ০৩.০৬.২০২২ খ্রি. তারিখ থেকে আশকোনাস্থ হজক্যাম্পে স্থাপিত মেডিকেল সেন্টার হতে টিকা গ্রহণ ও স্বাস্থ্য পরীক্ষার সনদ গ্রহণ করবেন।
- (জ) প্রয়োজনে হজ অফিস আশকোনা, সংশ্লিষ্ট সিভিল সার্জন কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশন কার্যালয়, সংশ্লিষ্ট হজ এজেন্সি এবং ০৯৬০২৬৬৬৭০৭ নাম্বারে কল করুন।

  
৩১.০৫.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব

ফোন: +৮৮-০২-৫৫১০১১১৮

ইমেইল: morahajsection@gmail.com